# Article/পদাশ্রিত শব্দ/নির্দেশক

**→A, An এবং The এই তিনটি demonstrative Adjective মূলত এরা Article নামে পরিচিত।**

**→“Article” যার বাংলা অর্থ “পদাশ্রিত শব্দ/নির্দেশক” অর্থাৎ, এরা parts of speech এর মাঝে আশ্রয় নেয়। Article সাধারণত noun এর আগে বসে।**

→ Article এর অপন নাম Adjective বা Determiner. এ কারণে Determiner “noun” এর জন্য বসে।

**→“A, An” দুটি অনির্দিষ্ট জ্ঞাপক বলে এদেরকে Indefinite Article বলে। আবার “The” কোন noun এর পূর্বে বসে ঐ noun টিকে নির্দিষ্ট করে বিধায় “The” কে definite Article বলে।**

## Article দুই প্রকার। যথাঃ

1. Indefinite Article (অনির্দিষ্ট অর্থে) A ও An.
2. Definite Article (নির্দিষ্ট অর্থে) The.

**Definite:** The টি, টা, খানা, খানি বা গুলো vowel এর পূর্বে The বসলে উচ্চারণ হয় “দি” আবার consonant এর পূর্বে The বসলে উচ্চারণ হয় “দা”।

**যেমনঃ** The apple = উচ্চারণ - (দি অ্যাপল)

The pen = উচ্চারণ - (দ্যা পেন)

## Article নিয়ে জরুরি নির্দেশনা

1. সাধারণত আমরা জানি যে Consonant এর পূর্বে A বসে।

2. Vowel এর পূর্বে An বসে।

3. Gap ( ___ ) এর পরের Word টির প্রথম অক্ষরকে প্রাধান্য দিতে হবে।

**প্রধান কথা হলো যেঃ** Article মূলত বসে বা ব্যবহার হয় Sound Vowel এর উপর ভিত্তি করে। এ নিয়ে বিস্তারিত ভিতরের অংশে আলোচনা করা আছে।

## Origin of Article/উৎপত্তি

**** One → এর সংক্ষিপ্তরুপ হচ্ছে A/An.**

**** This, There, That/Those এর সংক্ষিপ্ত/আলাদা রুপ হচ্ছে “The” এই চারটি আবার Demonstrative pronoun.**

**** Position of Article →A/An এবং The**

**→ Article হচ্ছে এক ধরণের Determiner, যা কোন noun এর পূর্বে বসে ঐ noun সম্পর্কে modify বা অতিরিক্ত তথ্য দিবে।**

**→ “A/An” বসে singular countable Noun এর পূর্বে এবং “The” বসে singular countable noun/plural countable noun ও uncountable noun এর পূর্বে।**

**যেমনঃ**

A/An→Singular countable noun এর পূর্বে বসে। যেমন: (A mobile, A computer, An Apple)

The→ Singular countable noun এর পূর্বে বসে। যেমন: (The mobile, The computer, The apple)

The→ Plural countable noun এর পূর্বে বসে। যেমন: (The mobiles, The computers, The apples)

The→ uncountable noun এর পূর্বে বসে। যেমন: (The sugar, The water, The iron)

ব্যাখ্যা: উল্লেখিত Sentence এ mobile, computer, apple, এই noun গুলোcountable (singular) হওয়ায় তার পূর্বে A বা An বসানো সম্ভব হয়েছে কিন্তু Mobiles, computers, apples এই noun গুলো হল (plural countable) তাই এদের পূর্বে কোন ভাবেই A, An বসানো সম্ভব হয়নি।

**** Definite Article নিয়ে কথা:**

1. নির্দিষ্ট অর্থে “The “ ব্যবহৃত হয়। যার বাংলা অর্থ হয় টি, টা, খানা, খানি বা গুলো।
2. Countable/Uncountable noun বা singular বা plural যোকোন noun এর পূর্বেই নির্দিষ্ট অর্থে “The” বসতে পারে।

যেমন:

- The mobile/The mobiles = মোবাইলটি/মোবাইলগুলো
- The computer/The computers = কম্পিউটারটি/কম্পিউটারগুলো
- The player/The players = খেলোয়াড়টি/খেলোয়াড়গুলো
- The poor man/The poor men = গরীবমানষটি/গরিব মানুষগুলো

## Article নিয়ে সংক্ষিপ্ত শর্ট টেকনিক:

1. Article + noun = অর্থাৎ, noun এর পূর্বে Article বসে।

যেমন: A mobile

ব্যাখ্যা: Mobile-টি এখানে noun কারন Article “a” এর পরে বসেছে।

2. Article + Adjective + Noun = অর্থাৎ Article এর পরে দুটি Word থাকলে ১ম টি Adjective আর ২য় টি noun হয়।

যেমন: A colorful mobile.

ব্যাখ্যা: Article “A” এর পরে দুটি word বসায় যথাক্রমে প্রথমটি Adjective দ্বিতীয় টি noun হয়েছে।

**3. Article এর পর ৩টি word থাকলে এভাবে বসে। Adverb + Adjective + Noun এভাবে বসে।**

যেমন: A very colorful mobile.

ব্যাখ্যা: Article “A” এর পরে তিনটি word যথাক্রমে প্রথম টি Adverb. দ্বিতীয় টি Adjective. তৃতীয় টি noun.

**Note:** Article, Noun, Adjective, Adverb এর পজিশন বা অবস্থান নিয়ে বিস্তারিত আলোচনা Parts of speech অংশে করা আছে। (PAD সূত্রে)

## Aও An এর Basic rules:

যদি আমরা জানি vowel হলে an বসে আর consonant হলে a বসে। তবে এই নিয়মটি পূনর্ঙ্গ নিয়ম নয়। পরিপূণ নিয়ম জানতে হলে শুধু vowel চিনলেই হবে না, vowel sound (vowel উচ্চারণ) জানতে হবে।

- Vowel letter পাঁচটি = a, e, i, o, u

- Vowel sound-ও পাঁচটি = এ, এ্যা, ই, অ, (এর পূর্বে An বসে।)

এই পাঁচটি sound যেখানে হবে তার পূর্বে "An" বসবে। এমন কি consonant হলেও এই পাঁচটির মত কোন word এর শুরুতে উচ্চারণ হলে an হবে। এবং আরেকটি কথা মনে রাখতে হবে, vowel letter হলেও তার উচ্চারণ যদি vowel sound এর মত না হয়, তবে "An" বসানো যাবে না।

**For example:**

An apple (এ্যাপল) = "এ্যা"sound হওয়ায় vowel "an" হয়েছে।

An engineer (ইঞ্জিনিয়ার) = "ই" sound হওয়ায় vowel "an" হয়েছে।

An orange (অরেঞ্চ) = "অ" Sound হওয়ায় vowel "an" হয়েছে।

An honest (অনেষ্ট) man = "অ" Sound হওয়ায় vowel "an" হয়েছে।

An hour (আওয়ার) ="আ"Sound হওয়ায় vowel "an" হয়েছে।

An heir (এয়ার) ="এ" Sound হওয়ায় vowel "an" হয়েছে।

An honors (অনার্স) certificate ="অ" Sound হওয়ায় vowel "an" হয়েছে।

A ewe (ইউ) = "ইউ"vowel হওয়া সত্ত্বেওvowel sound না হওয়ায় "a" হয়েছে। লক্ষ করে দেখো "ইউ" কিন্তু vowel sound নয়।

A one (ওয়ান) eyed man ="o" vowel হওয়ায় স্বত্তেও vowel sound না হওয়ায় "a" হয়েছে। লক্ষ্য করে দেখো"ওয়া"কিন্তু vowel sound নয়।

A university (ইউনিভার্সিটি) ="u" Sound হওয়ায় vowel "an" হয়েছে।

## বাস্তবতা ও প্রয়োগ নং-১

কিছু word এর শুরুতে consonant থাকার পরেও এর পূর্বে An বসে। যেমনঃ honest, hour, heir, honorable, honorary.

## বাস্তবতা ও প্রয়োগ নং-২

কিছু word এর শুরুতে vowel থাকার পরেও "A" বসে। যেমনঃ University, European, Useful, Unique, Union, one, unit.

## ** A ও an এর সাধারণ নিয়ম সমূহ। অর্থাৎ, কোথায় A কোথায় An বসে।

**Rule-1:** Noun এর পূর্বে few, little, good, many, lot of, great many, good deal ইত্যাদি শব্দের পূর্বে A বসে।

1. He lived a great many years.
2. He made a few mistakes.
3. There is a little water in the jar.

**Rule-2:** one অর্থে a/an বসে। অর্থৎ: a/an একটি (one) অর্থে ব্যবাহার করা হয়।

1. I need a mobile = আমার একটি "one" মোবাইল দরকার।
2. I bought a light = এখানে a light বলতে (one light) কে বুঝাচ্ছে।
3. He has a laptop = এখানে laptop বলতে ১টি ল্যাপটপ (one laptop) কে বোঝাচ্ছে।

**Rule-3:** “very” খুব বেশি অর্থে “most” এর পূর্বে A বসে। এ ক্ষেত্রে বাক্যটি দ্বারা কোন তুলনা বুঝায় না। অর্থাৎ, most এর কাজ very দ্বারা চালানো সম্ভব হল।

1. This is a most interesting story. (a most = very)
2. He saw a most wonderful sight (a most = very)

**Rule-4:**অপরিচিত ব্যক্তির নাম বাপদবীর পূর্বে A বা An বসে। বা, Mr/Mrsএর পূর্বে A/An বসে।

1. A Mr.jahid has been arrested. অপরিচিত ব্যক্তিকে বোঝাচ্ছে।
2. A Mr.fotto came to see you. (Mr.……নামের একজন তোমাকে দেখতে এসেছিল।)
3. A tuhin will meet you soon. (তুহিন নামের কোনো একজন ব্যক্তি তোমার সাথে দেখা করবে।)

**Rule-5:** uncountable noun কে countable করতে A/AN এর সমন্বয়ে phrase গঠিত হয়ে “Automatically” Article বসে। যথা: in a rage, in a body, have a bad time, take an interest, have a cold, have a good time, take an interest, have a cold, have a good, have a hedache, have a chance, in a temper, in a jury, A loaf of A slice of bread, A bar of soap, A piece of business, A piece of Advice ইত্যাদি।

**যেমন:**

1. We made a fire.
2. Raju has a terrible headache.
3. He is in a temper.
4. Our captain gave me a piece of Advice.
5. He gave me a slice of/a loaf of bread.

**Rule-6:** সংখ্যাবাচক কিছু শব্দ dozen, hundred, million, Thousand, score, couple ইত্যাদি word এর পূর্বে “A” বসে।

1. About a million people gathered in the.
2. A dozen of mobiles has been lost.
3. They invited a hundred people.

**Rule-7:**সার্বজনিনবর্ণনা/পরিচয় অর্থে “It is এর পর “a” বসে।

1. It is a matter of face that dowry system is increasing.
2. It is a Nobel virtue.
3. It is a laborious process and no one can do the labor for him.

**Rule-7:**কোন fractions বাভগ্নাংশের পরে A/An ব্যবহৃত হয়।

1. Three quarter of a pound.
2. Two-Third of on apple.

**Rule-8:** what + a/an ……. বসে exclamatory হবে exclamatory sentence এ।

1. What a beautiful place it is!
2. What an ugly bird it is!
3. What a fool you are!

**ব্যতিক্রম**

1. How funny it was!
2. How disgusting this is!

**Rule-9:** Many, what, half, rather ,But, How, Quite এবং Such এর পর Singular common noun ব্যবহৃত হলে পর পূর্বে a/an ব্যবহৃত হয়।

**যেমনঃ**

1. Nobody can for bear such an insult.
2. Many a man alas present in the meeting.
3. It is rather a difficult task.
4. What a nice bird it is!

**ব্যাখ্যাঃ** উল্লেখ্য sentence গুলোতে যথাক্রমে - Insut, man, difficult, nice এগুলোSingular common noun.

**Rule-10:**বাক্যে so/too থাকলে Adjective + a/an বসে।

1. He is so brilliant a student. (তিনি এত মেধাবী একজন ছাত্র।)
2. It is too intestinga matter. (এটি খুব আকর্ষনীয় একটি বিষয়।)
3. It is so finean umbrella.
4. Raju is so dangerous a man. (রাজুখুবইভয়ংকর একজন মানুষ।)

**Note:**এখানে brilliant, intesting, fine, dangerous যথাক্রমে Adjective আর তারপরেই A/An বসেছে।

**Rule-11:**Abbreviation (শব্দসংক্ষেপ) এর প্রথম অক্ষরvowel এর মতো উচ্চারিত হলে “An” বসে আর Consonant এর মত উচ্চারণ হলে তার পূর্বে “A” বসে এগুলোঅবশ্য sound vowel এর মত কাজ করেছে।

1. He is an MP = (vowel এর মত উচ্চারণ)
2. Raju is an MBA degree holder = (vowel এর মত উচ্চারণ)
3. My sister is an H.S.C candidate. (vowel এর মত উচ্চারণ)

**আরও যথাঃ** an MA, an SSC, an MBS, an S.B An LLB, An SI, AN S.P An M.D AN A.D.C An M.SC, an limf

ব্যতিক্রম অর্থাৎ,consonant এর মত উচ্চারণঃA BA, Bsc, BBA, B.com, C.A, D.C, Dlit, D.G, ph.d, p.G, p.c, ইত্যাদির পূর্বে “A” বসে।

**Note:** Acronym/Abbreviation গুলোর প্রথমে F, H, L, M, N, R, S, X থাকলে a না লিখে an লিখতে হয়।

**Rule-12:**কিছু নির্দষ্ট idiom (বগধারা) / phrase আছে এদের সাথে Automatically Article A, An বসে।

**যথাঃ** A lot of, a numer of, an amount of, a great deal of, after a while, a group of, a leaf of, a cup of, a basket of, a glass of, A black sheep, Give a gand, A brief period, A man of letters, A bed of roses, A red letter day, At a loss, At a low ebb, at a stretch, in an open relation.

**যেমনঃ**

1. Mr Raju has a lot of money.
2. Mrsaddam is a man of letters.
3. You are just a black sheep.
4. The with February is a red letter day.

**Note:**দাগ দেওয়াঅংশগুলো এক একটি বাগধারা তাই এদের সাথে পূর্ব থেকেই Article A/An বসে থাকে।

**Rule-13:** proper noun এর আগে সাধারণত Article বসে না, তবে proper noun দ্বারা গুন বোঝালে বা একটি proper noun কে আরেকটি proper noun এর সাথে তুলনা করলে শেষ proper noun এর পূর্বে A/An বসে।

**যেমনঃ**

1. I think you are a raju. (আমার ধারণ তুমি রাজুর গুণে গুনান্বিত।)

**Note:**এখানে একজন ব্যক্তিকে না বোঝিয়েবরং তার গুলকেবুঝিয়েছে।

1. Nazrul is the/a Boyron of Bangladesh. (কবিনজরুলLord Byron নামককবির গুণে গুণান্বিত।)
2. He wants to be a Shakespeare. (সে সেক্সপিয়ার হতে চায়।)
   **Note:**এখানে তুলনা বুঝাচ্ছে দুইজন লোকের মধ্যে।
3. I talked to a friend. (আমি এক বন্ধুর সাথে কথা বলেছি।)
   **Note:**এখানেও তুলনা বোঝাচ্ছে দুইজন লোকের মধ্যে।

**Rule-14:** “one” এর পূর্বে An নালিখে“A” লিখতে হয়। “O” এর উচ্চারণ যদি (ওয়া) হয় এ কথাটি ১০০% ঠিক নয়। আবার one দ্বারা নির্দিষ্ট করে কিছু বুঝালে তার পূর্বে The বসে।

**যেমনঃ**

1. A one-eyed man.
2. A one-sided match.
3. Raju give me a one taka note.
4. A one legged girl.

**ব্যাতিক্রমঃ**

- an oasis. এখানে (ওয়)) একমাত্র উচ্চারণ তবুও A না বসে An বসেছে।

Note:The book is the one। was looking for: (এটি হচ্ছে সেই একটি বই, যা আমি খুজতেছিলাম।)

ব্যাখ্যাঃ এখানে one দ্বারা book টিকেবুঝানো হচ্ছে। অর্থাৎ, এখানে one নির্দিষ্ট এবং এজন্য এর পূর্বে The বসবে।

**Rule-15:**H + vowel + ………বিশিষ্টword এ “H” এর উচ্চারণ Silent বা উহ্য থাকলে সেই word টির পূর্বে A না লিখেAn লিখতে হয়। (এর আলোচনা কিছুটাsound vowel এ করা আছে) আবার “H” এর উচ্চারণ যদি উহ্য না থাকে তাহলে “A” বসবে।

**যেমনঃ**

1. I’ve been waiting here for an hour. (আওয়ার)
2. Tahsin was an honest (অনেষ্ট) girl.
3. You are an heir (এয়ার) of this properly.
4. Raju is an honorable guest. (অনারেবল)

**ব্যতিক্রম→a horse, a holiday, উচ্চারণটি“হ” হয়েছে।**

**যেমনঃ**

1. We are working in a hospital. (এখানে উচ্চারণ “হ” হয়েছে।)
2. He lives in a hotel. (এখানে “ই” উচ্চারণ হয়েছে।)
3. It is a historic occasion. (এখানেও “ই” উচ্চারণ হয়েছে।)

# Use of “The”→ Definite Article

**Rule-1:** The + noun + of →ব্যতিক্রমa lot of, A number, A man of letter এক কথায় বলতে কি? →নির্দিষ্ট অর্থে যে কোন Noun এর পূর্বে “The” বসতে পারে।

**Exam:**

1. The people of India are not totally lazy.

**ব্যাখ্যা:** people এখানে Noun এবং তার পূর্বে The ও পরে of বসেছে।

2. The Importance of English can’t be expressed in words.

**ব্যাখ্যা:** ঠিক ১নং ব্যাখ্যার অনুযায়ি।

3. The love is abstract that I find in you.

**ব্যাখ্যা:** love এখানে Abstract noun নির্দিষ্ট অর্থে ব্যবহৃত হওয়ায় love এর পূর্বে the বসেছে।

4. The iron of this region is heavy.

**ব্যাখ্যা:** ১নং ব্যাখ্যার অনুযায়ি।

5. Nazrul is the Byron of Bangladesh.

**ব্যাখ্যা:** ১নং ব্যাখ্যা অনুযায়ি তবে Byron এখানে proper noun নির্দিষ্ট অর্থে ব্যবহৃত হয়েছে।

**Rule-2:** The + superlative degree →চেনার উপায় সাধারণত word এর শেষে “est” থাকবে, Adjective থাকবে।

**Note:** of the two না থেকেof the three/four/five etcথাকলে বাক্যটি Superlative sentence হয়ে যায়।

**Exam:**

1. Shakib is one of the best players.
2. Tahsin is the tallest girl in our school.
3. He is the best of the three persons.

**ব্যাখ্যা:** এখানে তিনটি উদাহরণে যথাক্রমে best →estআছে tallest→estআছে তারপর of the three ইত্যাদি থাকায় তাদের পূর্বে Article হিসেবে The বসেছে।

**Rule-3:** The + Noun (2nd, 3rd, 4th, 5th, 6th…….. যতবারNoun থাকবে তার পূর্বে বারবারই“The” বসবে তবে প্রথমবারSound এর উপর নির্ভর করে A, An বসতেপারে।

**Exam:**

- He gave me a pen. The pen was very nice. He bought The pen from Dhaka
  1st 2nd 3rd

**ব্যাখ্যা:** প্রথমবার“pen” Noun টির পূর্বে A বসার কারণ হল Pen এর প্রথম অক্ষরconsonant কিন্তু সমস্যা হল পরের pen এর পূবে the বসার কারণ হলো নির্দিষ্ট করে ব্যবহৃত হয়েছে তাই A না বসে the বসেছে।

**Rule-4:** The + Adjective (জাতি/শ্রেণী/সম্প্রদায় বোঝালে)

মনে রাখাতে হবে, কোন Adjective এর পূর্বে The লেখলে উক্ত Adjective টি plural common noun হয়ে যায়।

**Exam:**

1. The poor (গরিবেরা) are not always unhappy.
2. The virtuous (গুনীয়) are respected.

**ব্যাখ্যা:** poor ও virtuous দ্বারা একধরণের শ্রেণিবুঝিয়েছে এবং এরা হলো Adjective ছিল কিন্তু তাদের পূর্বে The বসায় এখন এরা plural common noun হয়ে গেছে।

1. The muslim is a brave nation. (মুসলমানরা একটি সাহসীজাতি।)
2. The English speaks English well. (ইংরেজজাতিরা ইংরেজী ভালো বলে।)

**ব্যাখ্যা:** এখানে muslin ও English বলতেমূলতমুসলিম ও ইংরেজী জাতিবুঝিয়েছে তাই এদের পূর্বে Article হিসেবে Theব্যবহৃত হয়েছে।

**Rule-5:** The + comparative ………..The + comparative →চেনার উপায় ‘er’ More + Adj, Less + Adj থাকবে।
যতই ততই

**Exam:**

1. The closer the better. (যতই কাছাকছি ততই উত্তম।)
2. The more you read the more you learn. (যতই পড়িবে ততই শিখিবে।)
3. The more she gets the more she wants. (সে যত পায় তত পায়।)

**ব্যাখ্যা:** প্রথম বাক্যে closer →er, better→erআছে, দ্বিতীয় বাক্যে more →moreআছে, তৃতীয় বাক্য more →moreইত্যাদি comparative word গুলো বসায় তাদের পূর্বে “The” বসেছে।

**Rule-6:** দিকের নাম, ঋতুর নাম, বিখ্যাত জাহাজ, জদুঘর, হোটেল, পবিত্র ধর্মগ্রন্থ, সংবাদপত্র, মহাকাব্যের নাম, ট্রেনের নাম, বিমানের নাম, বিখ্যাত অট্টালিকার নাম ইত্যাদির পূর্বে Article “The” বসে।

**For example:**

দিকের নাম = The East, The East. (পূর্ব পশ্চিম দিকোর নাম ইত্যাদি।)
কোনোঋতুর নাম =The rainy season, the winter. (বর্ষাকাল, শীতকাল ইত্যাদি।)
বিখ্যাত জাহাজ =The Titanic, the Balaka. (টাইটেনিক,বালাকাজাহজের নাম ইত্যদি।)
জদুঘর =The Varendra Museum, the British Museum. (ভেরেন্ডা, ব্রিটিশ ইত্যাদি জদুঘরের নাম ইত্যাদি।)
হোটেল =The hotel Radisson, the hotel Sonarhaon (রেডিশন, সোনাগুও এগুলো হোটেলের নাম।)
পবিত্র ধর্মগ্রন্থ =The Al-Quran, The Bible. (কোরআন, বাইবেল ধর্মগ্রন্থের নাম।)
সংবাদপত্র =The Daily Star, The ProthimAlo. (ডেইলি স্টার, প্রথম আলো পত্রিকার নাম।)
মহাকাব্যের নাম =The Meghnad Bodh
ট্রেনের নাম =The Bonolota Express, the Silk City Express. (বনলতা, সিল্কসিটি ট্রেনের নাম।)
বিমানের নাম = The Nove Air, The Regent Airways. (নভোএয়ার, রিজেন্ট বিমানের নাম।)

**Note:** প্রদিদ্ধ ও খ্যাতিনাম স্থানেরনামের পূর্বেওThe বসে। যেমন: The panipath, The Battle of palashi.

**ব্যাখ্যা:** “পানিপথ” একটি যায়গার নাম ও পলাশিহলঐতিহাসিকযুদ্ধের নাম।

**Rule-7:** x + proper nou + be verb + The + pronoun অর্থাৎ, পরপর দুটি proper noun থাকলে প্রথম proper noun এর পূর্বে Article বসে না। কিন্তু দ্বিতীয়proper noun এর পূর্বে Article ‘The’ বসে। তখন এদের মাঝে তুলনা বঝাবে।

**যেমন:**

1. Nazrul is the Byron of Bangladesh.

**ব্যাখ্যা:** এখানে Nazrul ও Byron দুটি proper nounতাই নিয়ম অনুযায়ি দ্বিতীয় proper noun এর পূর্বে বসেছে।

2. Gulsan is the newyork of Fheka.

**ব্যাখ্যা:** ঠিক ১নং ব্যাখ্যারঅনুযায়ি।

**Rule-8:** The + Noun (একক অস্তি) যে Noun গুলোপৃথিবীতে একক যার কোন দ্বিতীয় অস্তিত্ব নেই অর্থাৎ দ্বিতীয় টি নেই তার পূর্বে The বসে।Exam:The sun, The moon, The east, The Padma, The daily sun, The Quran, The north, The world etc.

**Rule-9:**মরুভূমি, মালভূমি, সাগর, মহাসাগর, উপসাগর, নদী, পর্বতশ্রেণী, দ্বীপপুঞ্জ ইত্যাদি নামের পূর্বে “The” বসে।

নদী→The jamuna, The Mehina, The Kartuga, The Padma.

মরূভূমি→The sahara.

সাগর→The Arabian Sea, the red sea, The Baltic Sea, The Caspian Sea etc.

মহাসাগর→ The pacific ocean, The Atlantic ocean, etc.

দ্বীপপুঞ্জ→The Hebrides, The west, Indies, The Andamans, The Maldives.

পর্বতমালা→The Hamalays, The alps.

**Rule-10:**ordinal Number (first, Second, Third etc) এর পূর্বে The বসে।
**Exam;** The loth may, The first boy, The sth Session, Elizabeth the second, George the fourth.

**Rule-11:**দেশের নাম short format বাabbreviation দিয়ে প্রকাশ হলে তার পূর্বে “The” বসে।
Example:

1. I love the UK city.
2. He lives in the USA.
3. I will go to the US.

**ব্যাখ্যা:** UK = United Kingdom (London), USA = United States of America, US = United States (America)
**মনে রাখুন**, একটি দেশের অনেকগুলোword বা phrase দিয়ে প্রকাশ করলে সেগুলোকে অর্থপূর্ণ দেশের নাম বলে। উক্ত দেশেরনামের পূর্বে “The” বসে।

**Exam:**

1. You may love America.

**ব্যাখ্যা:** এখানে America এর পূর্বে Article হবে না। সাধারণত দেশেরনামের পূর্বে Article বসে না।

2. You may love the United States of America.

**ব্যাখ্যা:** phrase দিয়ে গঠিত অর্থ যুক্ত হওয়ায় United states of America এর পূর্বে Article বসেছে।

**Rule-12:** (x) + Abstract/materia noun (সমগ্র অংশ প্রকাশ করলে) →কিন্তু The + উক্ত Noun/material noun (সমগ্র অংশ থেকে আলাদা কোন অংশ প্রকাশ করলে।)

→ অর্থাৎ নির্দিষ্ট অর্থে Abstract noun/Material noun এর পূর্বে The বসে।

**Exam:**

1. The another name of (x) water is lie. (পানি অপর নাম জীবন।)

**ব্যাখ্যা:** এখানে “water” টি Material noun আর এই water (পানি) বলতেনির্দিষ্ট করে বাংলাদেশেরভারেতেরজাপানেরপানিকেবুঝিয়নিবরংসমগ্রপানিকে বোঝিয়েছে তাই water এর পূর্ব কোন Article বসেনি।

2. The water of the jamuna is not tresh. (যমুনার পানি পঙ্কিার নয়।)

**ব্যাখ্যা:** সমগ্র/সম্পূর্ণ অংশ থেকে পৃথক/আলাদা অংশ করে শুধু মাত্র বাংলাদেশেরযমুনারপানিকেনির্দিষ্ট করে বোঝানোর ফলে এখানে Theব্যাবহৃত হয়েছে।

3. (x) Honesty is the best policy. (সততায়সর্বউৎকৃষ্ট পন্থা।)

**ব্যাখ্যা:** Honesty (সততা) এখানে বলতেনির্দিষ্ট করে কোন সততাকেনা বুঝিয়ে বরংসমগ্রঅংশেরসততাকেবুঝিয়েছে তাই এখানে Article বসেনি।

4. The <u>Honesty</u> of our politicionscan not be questioned আমাদেররাজনৈতিকবিদ দেরসততা নিয়ে কোন প্রশ্ন করা যাবে না।

**ব্যাখ্যা:** এখানে (honesty) (সততা) সমগ্র থেকে পৃথক/আলাদা অংশ ব্যবহৃত হয়ে শুধু মাত্র নির্দিষ্ট করে রাজনৈতিকদেরসততাকেবুঝিয়েছে বিধায় এখানে Article “the” বসেছে।

**Rule-13:**রাস্তারনামের পূর্বে বসলেওরাস্তারনামের সাথে “Road” থাকলে The বসে।

**Exam:**

1. He walked on <u>road</u>.

ব্যাখ্যা: Road এর পূর্বে Article বসে না।

2. He walks on the <u>elefenth road</u>.

ব্যাখ্যা: The + রাস্তার নাম elefenth + road.

**Rule-14:**সাধারণত রুগেরনামে পূর্বে Article বসে না তবে কিছু ব্যতিক্রমও আছে।

**Exam:**

1. The measles (হোম), The mumps (মালা রোগ), The gout (বাতব্যাথা), The plague (প্লাগ রোগ)

**Rule-15:** designation (পদবী), title (উপাধি) এর পূর্বে The বসে।

**Exam:**

2. The <u>president</u>, The <u>prime minister</u>, The <u>principal</u>, The <u>Headmaster</u>,

**Note:** পেশা বোঝালে তার পূর্বে The বসে।

Incorrect: He joined <u>Army</u>.
Correct: He joined <u>TheArmy</u>.

# Omission of Article/যেখানে Article বসে না

**Rule-1: Parts of speech এর ৮ প্রকারের এর মধ্যে শুধু noun (তবে Proper noun বাদে) ছাড়া বাকি ৭ প্রকার Parts of speech এর পূর্বে Article বসে না।**

i. (x) —— Pronoun এর আগে বা পূর্বে Article বসে না।
ii. (x) —— Adjective এর পূর্বে Article বসে না। কিছু ব্যতিক্রম আছে। ব্যতিক্রম শুধু Adjective এর পরে যদি Noun থাকে তাহলে সেই Adjective এর আগে Article বসে।
iii. (x) —— Adverb এর পূর্বে Article বসে না। (কিছু ব্যতিক্রম আছে। ব্যতিক্রম শুধু Adverb + Adjective + Noun এভাবে থাকলে সেই Adverb এর আগে Article বসে।
iv. (x) —— Verb এর পূর্বে Article বসে না।
v. (x) —— Preposition এর পূর্বে Article বসে না।
vi. (x) —— Conjunction এর পূর্বে Article বসে না।
vii. (x) —— Interjection এর পূর্বে Article বসে না।

**Note: এ নিয়ে বিস্তারিত ব্যাখ্যাসহ উদাহরণ ভেতরের অংশে আলোচনা করা আছে।**

**Note:** A good বলা যায় না বরং A good boy বলা যায়। মূলত Noun এর জন্যই Article আসে বা ব্যবহৃত হয়।

**Rule-2:** (x) + proper noun/pronoun/preposition. অর্থাৎ, proper noun/pronoun/preposition এদের পূর্বে Article বসে না।

**Exam:**

1. (x) — Tuhin lives (x) — in Dhaka.

**ব্যাখ্যা:** Tuhin একটি Proper noun তাই এর পূর্বে Article বসেনি। আবার in হলো Preposition তার আগেও Article বসে নি।

2. (x) - She lives in (x) — our village.

**ব্যাখ্যা:** "She" হল Pronoun তাই এর র্পবে Article বসেনি আবার our হল Possessive Case.

3. There was a duster (x) — on the table.

**ব্যাখ্যা:** "on" একটি preposition তাই এর পূর্বে Article বসেনি।

4. Tahsin will (x) — work with the man.

**ব্যাখ্যা:** No Article — verb (work) অর্থাৎ verb এর পূর্বে Article বসে না। এখানে "work" হলো verb.

5. Hafiz is brilliant (x) — but not counning.

**ব্যাখ্যা:** No Article + conjunction "(but)". অর্থাৎ, Conjunction এর পূর্বে Article বসে না। But হলো Conjunction.

6. Himu did the work (x) —Accurately.

**ব্যাখ্যা:** No Article + Adverb (Accurately).

**Note:** তবে Adverb এর পরে যদি Adjective + Noun থাকে তাহলে Adverb এর পূর্বে The বসে।

7. (x) —— She is very important to (x) —— me.

ব্যাখ্যা: No Article + pronoun (she, me)

**Rule-2:** Possessive case + - (x) + Noun

Exam:

1. We live in our — (x) — house.

**ব্যাখ্যা:** our এখানে (p.c) + তারপরে house হল Noun. অর্থাৎ possessive case ও Noun এর মাঝে কোন Article বসে না।

2. You should not always think of your - (x) - internet.

**ব্যাখ্যা:** Your হল (p.c) + তারপরে internet হল noun তাই এদেরমাঝখানেArticle বসবে না।

**Rule-3:** (Adjective + — (x) — + Noun) অর্থাৎAdjective ও Noun এর মাঝে কোন Article বসে না।

**Exam:**

1. He will have to drag a very miserable (x) life.

**ব্যাখ্যা:** এখানে Miserable হলAdjective ও life হলো noun. তাই এর মাঝে কোন Article ব্যবহার হয়নি।

2. Collecting valuable (x) Things is my hobby.

ব্যাখ্যা:Adjective "(valuable)" (x) Noun "(Things)"

**Rule 4:** Adverb + (x) + Adjective

**Exm:**

1. His life is really (x) miserable

**ব্যাখ্যা:** Really এখানে Adverb ও miserable এখানে Adjective তাই এদের মাঝে কোন Article বসেনি।

**Rule-5:** **[(x) + Abstract ও Material noun]**এর পূর্বে Article বসে না। তবে সবক্ষেত্রেনাব্যতিক্রম গুলো"The" এর ব্যবহারে আলোচনা কারা আছে। Rule 12 নং এ।

**Note:**তবে The + Abstract/Material Noun এর পরে "of/in" preposition থাকলে তার পূর্বে Article বসে।

**Exam:**

1. (x) Honesty is the best policy.

**ব্যাখ্যা:**Honesty (সততা) এখানে Abstract noun.

2. (x) poverty is an acute problem in India.

**ব্যাখ্যা:**poverty (দরিদ্রতা) এখানে Abstract noun.

**Rule-6:** Auxiliary verb + (x) + Main verb.

**Exam:**

1. She was (x) punished for her guilt.

**ব্যাখ্যা:** was এখানে Aux verb আর punished এখানে Main verb হিসেবে ব্যবহৃত হয়েছে। তাই এদেরমাঝখানে কোন Article ব্যবহৃত হবে না।

2. She has (x) done his assignment.

**ব্যাখ্যা:** has হলAuxiliary verb আর done হলো main verb.

**Rule-7:** ……………. be verb + (x) Adjective তবে Adjective এর পরে noun থাকলে Article বসেবে।

Exam:

1. I think that he is (x) industrious.

**ব্যাখ্যা:** "is" হলোbe verb আর industrious হলো Adjective তাই এর মাঝে Article ব্যবহৃত হবে না।

2. We were (x) famous.

**ব্যাখ্যা:** were এখানে be verb আর famous হলAdjective তাই এদের মাঝে Article ব্যবহৃত হবে না।

3. He is famous actor. (ব্যতিক্রম)

**ব্যাখ্যা:** ব্যতিক্রম উদাহরণ হলis হল be verb এর পরে famous হল Adjective তার পরে একটি এর Noun আছে "Actor" তাই "famous" Adjective এর পূর্বে Article হিসেবে "A" বসেছে।

**Note:** অনেক ক্ষেত্রে be verb এবং Adverb এর মাঝে Article বসে না।

যেমন:The man was (x) here/There.

ব্যাখ্যা: here/there এখানে Adverb.

**Rule-8:** (x) + comparative degree.

**Exam:**

1. Iron is (x) harden than gold.

**ব্যাখ্যা:** harder টি এখানে comparative তাই এর পূর্বে কোন Article বসবে না।

2. Tahsin was (x) better than Tuhin.

**ব্যাখ্যা:** better এখানে comparative.

**Rule-9:** (x) + Noun (দিন/মাস/বছর/খাবার/খেলার নাম)

**Exam:**

1. (x) — Saturday is the first day of week.

**ব্যাখ্যা:** Saturday একটি দিন তাই এর পূর্বে Article বসেনি।

2. (x) — January is the first month of a year.

**ব্যাখ্যা:** January বলতেমাসকেবুঝিয়েছে তাই এর পূর্বে Article বসবে না।

3. Our staple food id (x) — rice.

**ব্যাখ্যা:** Rice এখানে খাবার কিছু বুঝাচ্ছে ফরে তার পূর্বে Article বসবে না আবার Rice হলো Material noun.

4. (x) —cricket is a popular game.

**ব্যাখ্যা:** cricket বলতে এখানে খেলাকে বুঝিয়ে ফলে তার পূর্বে Article বসবে না।

5. I will attend in (x) Dinner.

**ব্যাখ্যা:** Dinner বলতে এখানে খাবারকেবুঝিয়েছে বিধায় এর পূর্বে Article বসবে না এভাবে Breakfast (সকালেরনাস্তা) Lunch(দুপুরের ইত্যাদির পূর্বে Article বসবে না।।

**Note:** তবে খাবারেরনামের পূর্বে Adjective থাকলে তার পূর্বে Article বসতে পারে।

**যথাঃ**

1. She invited me in a heavy dinner last night.

**ব্যাখ্যাঃ** heavy এখানে Adjective তাই এর পূর্বে Article বসেছে।

**Rule-10:** (x) + verb

**Exam:**

1. Don’t (x) — waste your time.
2. He (x) — came here alone.

**ব্যাখ্যাঃ** waste ও came হলverb তাই এদের পূর্বে Article বসবে না।

**Rule-11:** মানবজাতি বুঝাতে Article বসে না। (বাবা-মা- ভাই বোন ইত্যাদির পূর্বে Article বসে না।)

**Note:** তবে যে কোন জাতি বুঝালে তার পূর্বে The বসে ।

**যেমনঃ**

1. Man is mortal. (মানবজাতি)

**ব্যাখ্যাঃ** এখানেman বলতেমানবজাতিবুঝিয়েছে তাই এর পূর্বে Article বসে না।

2. Father is my only love. (বাবা আমার একমাত্রভালবাসা।)

**ব্যাখ্যাঃ** Father, mother, sister, brother ইত্যাদির পূর্বে Article বসে না।

3. The virtuous are respected. (গুণীজাতি)

**ব্যাখ্যাঃ** এখানে virtuous বলে গণীজাতিবুঝিয়েছে তাই এর পূর্বে Article হিসেবে Theবসেছে।

**Note:**তবে family নামের পূর্বে Article হিসেবে The obamas (ওবামারপরিবার) The khans (খানপরিবার) The sheikhs (শেখপরিবার)

**Rule-13:** একটি মাত্র দ্বীপবা একটি মাত্র পর্বতের নাম বোঝালে তার পূর্বে Article “The” বসে না। সহজ করে বললে, java, Sandwip, Ceylon, Everest এই চারটি নাম ছাড়া অন্য সকল পহাড়, পর্বতের পূর্বে “The” বসবে।

**Example:**

1. Everest is the highest peak of the Himalayas.
2. Java is an island of Indonesia.
3. Sandwip is an island alone the south eastern coast of Bangladesh.
4. Ceylon is an island that has been transformed into Sri Lanka.

**ব্যাখ্যাঃ** Everest, java, San dwip, Ceylon এই চারটি ছাড়া সকল দ্বীপ, পর্বতে পূর্বে Article হিসেবে the বসে।

**Rule-14:** school, collage, madrasah, university, mosque, temple, church, hospital, jail, Home, Bazar, Road zoo ইত্যাদির যে উদ্দেশ্য তৈরি করা হয়েছে সে উদ্দেশ্য বুঝালে তার পূর্বে “The” বসে।

**Exam:**

1. I go to (x) school every day with my sister who is in chass 9. (আমি প্রতিদিন স্কুলেযাই আমার বোনের সাথে যে নবম শ্রেণিতেপড়ে।)

**ব্যাখ্যাঃ** School তৈরিরউদ্দেশ্য হলো স্কুলেযওয়া আর উদাহরণটি স্কুলেযাওয়াউদ্দেশ্য বুঝিয়েছে বিধায় স্কুল এর পূর্বে Article বসল না।

2. My mother is going to the <u>school</u> to invite the head master. (আমার মা স্কুলেযাইতেছেপ্রধানশিক্ষককেআমন্ত্রণজানানোর জন্য।)

**ব্যাখ্যাঃ** এখানে স্কুল এ পূর্বে The বসার কারণ হলো স্কুল এ যাওয়ারউদ্দেশ্য না বুঝিয়ে অন্য কিছু অর্থাৎ আমন্ত্রণ করা বুঝিয়েছে ফলে এখানে The বসেছে।)

3. He is admitted in (x) hospital.

**ব্যাখ্যাঃ** হাসপাতাল থাকা মানেইতো রোগিভর্তি হবে তাই তো hospital এর পর্বে Article ব্যাবহৃত হয়নি।

**Rule-15:** uncountable noun এর পূর্বে The বসে না।

**Exam:**

1. He is drinking (x) —milk.

**ব্যাখ্যা:** milk এখানে uncountable ও Material noun এ তাই এর পূর্বে Article বসবে না।

2. He needs (x) — furniture in his flat.

**ব্যাখ্যা:** furniture এখানে uncountable noun.

**Rule-16:** ভাষারনামের পূর্বে সাধারণত The ব্যবহৃত হয় না।

**Exam:**

1. He speaks English very well. (ইংরেজী ভাষা)

**Note:** কোন ভাষার সাথে language শব্দটি উল্লেখ্য থাকলে বিশেষ কোন ব্যক্তি ভাষা বোঝালে Article হিসেবে the বসে।

**Exam:**

- He speak the English lahguage verb well.

**ব্যাখ্যা:** এখানে English এর পর language থাকায় এদের পূর্বে the বসেছে।

- The English spoken by him is not correct.

**ব্যাখ্যা:** এখানে ব্যক্তির ভাষাবাspoken বুঝিয়েছে।

**1. Use the appropriate article —** [৩৬ তম বিসিএস]

**I saw - one eyed man when I was walking on the road.**

(a) a (b) an (c) the (d) no article is needed (a)

**ব্যাখ্যা:** শুরুতে vowel থাকলেও কোনোnoun-এর উচ্চরণ'ওয়া' - এর মত হলে ঐ শব্দের পূর্বে An এর পরিবর্তে A বসে।

**2. Among' is a preposition that is used when - people are involed.** [৩৮ তম বিসিএস]

(a) two (b) more than two (c) two or more than two (d) four only (b)

**ব্যাখ্যা:** দুয়ের অধিক ব্যক্তি, বস্তু বাপ্রাণিজড়িত রয়েছে এমন বোঝাতে among ব্যবহৃত হয়।

**3. Identify the determiner in the senterce "Bring me that book".** [২৫ তম বিসিএস]

(a) bring (b) me (c) that (d) book (c)

**ব্যাখ্যা:** 'that' vowel টি 'book' noun টির বামে বসে এর প্রতিনির্দেশনাজ্ঞাপন বা একে determine করছে। সুতরাং এ ক্ষেত্রে 'that' word টি determiner হিসেবে কাজ করেছে।

**4. Fill in the blank with the correct quantifier.** [৩৮ তম বিসিএস]

(a) a few (b) quite a few (c) many (d) a little (d)

**ব্যাখ্যা:** few, many শব্দগুলোcountable noun-এর পূর্বে বসে।

**5. Identify the determiner in the following sentence:** [৪০ তম বিসিএস]

'I still have ……. money.

(a) have (b) news (c) no (d) for (c)

**ব্যাখ্যা:** যে word noun-এর পূর্বে noun কে চিহ্নিত করে এবং noun এর সংখ্যাবাপরিমাপনির্দেশ করে তাকে Determiner বলে।

6.

**7. 'A' and 'An' are -** [IU: 16-17]

(a) Definite article (b) Indefinite article (c) Both (d) None (b)

**8. It is ……… quarter to six.** [NTRCA: 12]

(a) the (b) a (c) an (d) that (b)

ব্যাখ্যা: 'a' সর্বদাইquarter এর পূর্বে বসে। A quarter= পৌনে।

**9. I paid ………. one taka note ………. old paper.** [Family Planing-2011]

(a) no article, the (b) a, the (c) a, no article (d) no above of the above (c)

ব্যাখ্যা: 'O' এর উচ্চারণ "ওয়া" এর মত হলে এর পূর্বে a বসে। আর material noun (proper) এর পূর্বে Article বসে না। তাই সঠিক উত্তর "C".

**10. Dhaka stands on ……… Buriganga.** [Family Planing-2011]

(a) a (b) an (c) the (d) of (c)

ব্যাখ্যা: নদী, সগর, দ্বীপপুঞ্জ, জাহাজ ইত্যাদি নামের পূর্বে The বসে। Buriganga নদীর নাম হওয়ায় এর পূর্বে The বসবে।

**11. He went to ………… hospital because he had …………. heart attact**. [Jono Sastho-2011]

(a) the, no article (b) no article, an (c) a, an (d) no article (a)

ব্যাখ্যা: হোটেল, সিনেমা, গ্রহ, হাসপাতাল ইত্যাদি নামের পূর্বে the বসে। Buriganga নদীর নাম হওয়ায় এর পূর্বে the বসে।

**12. He is ……….. FRCS.** [Family Planing-2011]

(a) a (b) an (c) the (d) no article (a)

ব্যাখ্যা: Abbreviation শব্দের প্রথম অক্ষরvowel এর মত উচ্চারিত হলে তার পূর্বে An বসে। heart attack একটি রোগের নাম। আর রোগেরনামের পূর্বে Article বসে না। তাই সঠিক উত্তর "A".

**13. …………… Bangladesh are a brave nation.** [Secondary School 2011]

(a) A (b) An (c) the (d) no article (c)

ব্যাখ্যা: নির্দিষ্ট কোন জাতির পূর্বে the বসে। এখানে বাংলাদেশ যারা বাঙ্গালী জাতি বোঝানো হচ্ছে তাই এদের পূর্বে the বসে। সঠিক উত্তর "C".

**14. Which is ………… largest river in our country?** [স্বাস্থ সহকারি - ২০১০]

(a) one (b) the (c) an (d) a (b)

ব্যাখ্যা: Superlative degree এর পূর্বে the বসে।

**15. None but brave deserves ……….. fair.** [স্বাস্থ সহকারি - ২০১০]

(a) a, the (b) the, the (c) the, no article (d) no article (b)

ব্যাখ্যা: Adjective এর আগে the বসে। তাই brave এবং fair এর পূর্বে the বসেছে।

**16. At last the beast in him got ……….. upperhand.** [স্বাস্থ সহকারি - ২০১০]

(a) A (b) An (c) the (d) no article (c)

ব্যাখ্যা: Got the upper hand অর্থ- উচ্চমাত্রালাভ করল বা জেগে ওঠল। U "vowel হলেওupper এর আগে an বসেনি।

**17. He will leave for ………. USA.** [ডাটাপ্রসেসিং - ২০০২]

(a) an (b) a (c) the (d) none (c)

**ব্যাখ্যা:** ভৌগোলিক নাম, বিশেষ স্থানবাস সংযুক্ত দেশের পূর্বে the বসে।

**18. ………… English are industrious.** [জরিপ অধিদপ্তর - ২০০৫]

(a) an (b) a (c) the (d) none (c)

**ব্যাখ্যা:** নির্দিষ্ট কোন জাতির পূর্বে article হিসেবে the বসে।

**19. This is rather ……… different question.** [RU: 18-19]

(a) the (b) no article (c) an (d) a (d)

**ব্যাখ্যা:** "rather" এমন একটি Adverb যার পরে সর্বদাইarticle "a/an" বসে Adjective + noun বসে।

**20. ……… water of this pond is clear. Use article.** [NTRCA: 11]

(a) The (b) a (c) no article (d) an (c)

**ব্যাখ্যা:** The + material noun + of ……. = যা নির্দিষ্ট করে বোঝাবে

**21. He is ……… BBA student.** [BRUR: 12-13]

(a) a (b) an (c) the (d) none (a)

**ব্যাখ্যা:** নির্দিষ্ট অর্থে "boy" এর পূর্বে "the" বসেছে এবং শরীরের অঙ্গ প্রত্যঙ্গ বোঝানোয়"ear"-কান" এর পূর্বে article "the" বসেছে। (Article "the" + শরীরের অঙ্গ-প্রত্যঙ্গের নাম।)

**22. ………. water of this lake is pure.** [১৬ তম প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (কলেজ/সমপর্যায়) ২০১৯]

(a) a (b) an or the (c) the (d) no article (c)

**ব্যাখ্যা:** নির্দিষ্ট করে বুঝাতে material noun (এক্ষেত্রে water) এর আগে the বসে।

**23. ………. Bangladeshis are proud of their glorious past.** [স্বাস্থ ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়ের অধীন নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের মিডওয়াইফ ২০২০]

(a) A (b) An (c) The (d) This (c)

**ব্যাখ্যা:** জাতির এগে the বসে।

**24. At the scene, — mother rose in her.** [১৬ তম প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (কলেজ/সমপর্যায়) ২০১৯]

(a) a (b) the (c) a or the (d) no article (b)

**ব্যাখ্যা:** বাক্যে ব্যক্তসত্তাকে না বুঝিয়ে ব্যক্তিত্ব (বা ব্যক্তির বৈশিষ্ট) বুঝালে ব্যক্তি সূচক noun এর আগে the বসে। যেমন:mother = মা (ব্যক্তি); কিন্তু the mother মকতৃত্ত (মাতৃশক্তি, মায়ের বৈশিষ্ট)

**25. There is milk in the glass.** [প্রথামিক সহকারি শিক্ষক নিয়োগ পরীক্ষা (১ম ধাপ) ২০১৯-সেট নম্বর ৮৫৮৬]

(a) a bog amount (b) much (c) small (d) a little (d)

**ব্যাখ্যা:** ইতিবাচক অর্থে অল্প পরিমান বুঝাতে uncountable noun এর পূর্বে a little বসে।

**26. Sohana is ……… European lady. Put an article is the bland:**[জনস্বাস্থ প্রকৌশলী অধিদপ্তরের এস্টিমেটর ২০১৮]

(a) a (b) an (c) the (d) no article (a)

**ব্যাখ্যা:** শুরুতে vowel থাকার পরও কোনোnoun-এর উচ্চারণ 'ইউ'- এর মতো হলে ঐ শব্দের পূর্বে a হয়।

**27. …….. mother rose in her.** [১৪ তম প্রভাষক নিবন্ধন (কলেজ/সমপর্যায়) ২০১৭; ১২ তম প্রভাষক নিবন্ধন (কলেজ/সমপর্যায়) ২০১৪]

(a) A (b) The (c) An (d) No article (b)

ব্যাখ্যা: The + Common noun দ্বারা কোনোabstract idea বোঝায়।

**28. No article is used before —** [১৪ তম প্রভাষক নিবন্ধন (কলেজ/সমপর্যায়) ২০১৭]

(a) a pronoun (b) an adjective (c) a noun (d) an adverb (c)

ব্যাখ্যা: Pronoun-এর পূর্বে কোনোarticle ব্যবহৃত হয় না।

**29. In the senterce `Copying is prohibited in the examination.` 'Copying' is a/an —** [প্রবাসীকল্যাণ ও বৈদিশিককর্মসংস্থান মন্ত্রণালয়ের উপসহকারী পরিচালক ২০১৭]

(a) noun (b) adjective (c) adverb (d) verb (a)

ব্যাখ্যা: verb + ing হলোgerund-এর গঠন, যা noun-এর কাজ করে। Copying (copy + ing)-এখানে একটি gerund য verb (is)-এর subject.

**30. I – someone who wrote a book about ……… life of Bangabandhu Sheikh Mujibur Rahman.** [বিটিভিরসহকারী প্রকৌশলী (সিভিল) ২০১৭]

(a) a (b) the (c) an (d) no article (b)

ব্যাখ্যা: সাধারণত Abstract noun-এর পূর্বে কোনোarticle বসে না, তবে নির্দিষ্ট করে বোঝাতে abstract noun-এর পূর্বে definite article 'the' বসে।

**31. Which one of the following sentences is correct?** [বাংলাদেশ কোষ্টগার্ড ও কৃষিপ্রশিক্ষণএকাডেমির নার্স এবং ফায়ার সার্ভিস অ্যান্ড ডিফেন্স-এর ফোরম্যান: ১৯]

(a) Rajbari is on the Padme (b) The Rajbari is on the Padme

(c) Rajbari is on Padma (d) Rajbari is on a Padma (a)

ব্যাখ্যা: কোন স্থানের নাম যেমন Dhaka, Rajbariইত্যাদির পূর্বে article বসে না। নদীর পূর্বে Article 'the' বসে।

**32. I saw …….. beggar.** [সরকারিমাধ্যমিক বিদ্যালয়সহকারী শিক্ষক: ১৯; প্রাক-প্রাথমিক সহকারীশিক্ষ ২০১৩; বাংলাদেশ কোষ্টগার্ড ও ফায়ার সার্ভিস অ্যান্ড সিভিল ডিফেন্স-এর ফোরম্যান: ১৯]

(a) an one-eyed (b) an one-eye (c) a one-eye (d) a one-eyed (d)

ব্যাখ্যা: one/one-eyed এর পূর্বে সাধারণভাবে a বসে। বাক্যের অর্থঃ আমি একজন একচক্ষুবিশিষ্টভিক্ষুককে দখলাম।

**33. He went to — hospital because he had — heart attack.** [৩৯ তম বিসিএস (স্বস্থ)]

(a) no article, an (b) a, an (c) the, no article (d) no article, a (d)

ব্যাখ্যা: school, collage, hospital, mosque ইত্যাদি স্থানগুলোতে যে উদ্দেশ্যে যাওয়া হয়, সে উদ্দেশ্যে গেলে এসব স্থানের পূর্বে article বসে না। তবে মূল উদ্দেশ্যে ভিন্ন অন্য কোন উদ্দেশ্যে গেলে এদের পূর্বে the বসে। এরুপ হুবুহু একটি প্রশ্ন-স্থানের পূর্বে article বসে না। তবে মূল উদ্দেশ্য ভিন্ন অন্য কোন উদ্দেশ্য গেলে এদের পূর্বে the বসে। এরুপ হুবুহু একটি প্রশ্ন-He went to hospital because he had — heart attack. (খুবিঃ (গ): ১৯-২০ (Ans: a)

**34. English is a language where as—Englosh is a nation.**{ইংরেজী একটি ভাষা যেখানেইংরেজরা হচ্ছে একটি জাতি} [তথ্য মন্ত্রণালয়ের অধীন চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের ক্যামেরাম্যান: ১৯]

(a) an (b) a (c) the (d) none of the above (c)

ব্যাখ্যাঃThe English (The + language) - ‘ইংরেজরা’ দ্বারা ইংরেজজাতিকেবুঝাচ্ছে।

**35. Iron is …….. useful metal.** [সংস্কৃতিবিষয়কসন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী (সিভিল): ১৯]

(a) an (b) the (c) a (d) none (c)

ব্যাখ্যাঃ Complement পজিশনে a/an + noun অথবা a/an + adjective + uncountable noun বসে।

**36. Fill in the blank: - English are industrious.** [স্বাস্থ মন্ত্রণালয়ের অধীনেসহকারী প্রকৌশলী (সিভিল) ২০১৭]

(a) The (b) an (c) each (d) a (a)

ব্যাখ্যাঃ জাতিরনামের পূর্বে the বসে।

**37. I don’t have <u>?</u>furniture.** [সমাজসেবা অধিদপ্তরের সহকারি শিক্ষক ২০১৭]

(a) much (b) more (c) many (d) too (c)

ব্যাখ্যাঃ Furniture একটি uncountable noun. তাই এর পূর্বে much বসবে।

**38. I need ……….. milk.** [রেলপথ মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশরী-২০১৭]

(a) a few (b) An (c) Each (d) A (b)

ব্যাখ্যাঃ A few’ countable noun-এর পূর্বে বসে; a lot-এর পরে সর্বদা of হয়; a hot এ বাক্যে অর্থপূর্ণ নয়, আর uncountable noun-এর পূর্বে অল্প অর্থে a little বসে।

**39. He is ?...... MBBS.** [সমাজসেবা অধিদপ্তরের সরকারি শিক্ষক ২০১৭]

(a) a (b) an (c) the (d) no article (b)

ব্যাখ্যাঃ সংক্ষিপ্ত শব্দের ক্ষেত্রে শব্দটি যদি vowel sound দ্বারা শুরু হয় তাহলে তার পূর্বে an বসে।

**40. The Meghna falls into — Bay of Bangal.** [বিভিন্ন মন্ত্রণালয়ের সহকারী প্রোগামার ২০১৭]

(a) the (b) a (c) an (d) no article (a)

ব্যাখ্যাঃ উপসাগরের পূর্বে the বসে।

**41. Check ……… beast in you.** [১২ তম প্রভাষক নিবন্ধন ২০১৫]

(a) the (b) a (c) an (d) no article (a)

ব্যাখ্যাঃ -কিছু কিছুnoun আছে যাদের পূর্বে ‘the’ ব্যবহৃত হলে abstract noun-এর অর্থ প্রকাশ করে। ‘check the beast in you’ অর্থ ‘তোমার মধ্যে কুপ্রবৃত্তিকে দমনকর’।

**42. …….. Nelson is a British warship.** [আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল অ্যাডজুটেন্ট-২০১৫]

Put an article in the gap.

(a) A (b) The (c) No article (d) An (b)

ব্যাখ্যাঃ Ship-এর নামের পূর্বে article ‘the’ বসে। যেমনঃ the Nelson, the Titanic ইত্যাদি।

**43. What will be the appropriate article in the bleak of the sentence?** [সহকারীউপজেলা/থানাশিক্ষা অফিসার (মুক্তিযেদ্ধা ও ক্ষুদ্র নৃ গোষ্ঠি) ২০১৫]

(a) a (b) an (c) the (d) noun (a)

ব্যাখ্যা: তুলনা করার ক্ষেত্রে proper noun যদি Common noun হিসেবে ব্যবহৃত হয় তখন তার পূর্বে a/an (উচ্চারণ অনুযায়ি ব্যবহৃত হয়।

**44. There were ……… guests than I expected.** [মহ-হিসাবনিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়েঅডিটর ২০১৫]

(a) less (b) lesser (c) fewer (d) few (c)

ব্যাখ্যা: অল্প সংখ্যক বুঝাতে countable noun-এর পূর্বে few ব্যবহৃত হয়। প্রশ্নোক্ত বাক্যটি যেহেতু comparative sentence এবং'guests' শব্দটি countable form 'fewer'-ই সঠিক উত্তর।

**45. He is ………. FRCS. শূন্যস্থানের উপযুক্ত article কোনটি?** [পরিবারকল্যাণপরিদর্শিকাপ্রশিক্ষণার্থী - ২০১৫]

(a) an (b) a (c) the (d) no article (a)

ব্যাখ্যা:

**46. ……… beef we had at dinner last night was excellent.** [NU: 2006-07]

(a) no article (b) an (c) a (d) the (d)

ব্যাখ্যা: beef (গরুর মাংস) uncountable হলেওইহা দ্বারা নির্দিষ্ট মাংস বুঝাচ্ছে তাই beef এর পূর্বে the বসবে।

**47. The charge for ……….. excess luggage is tk. 600 per kilo.** [NU: 2004-05]

(a) the (b) a (c) an (d) none of the above (a)

ব্যাখ্যা: luggage uncountable noun যার পূর্বে 'a' বা 'an' বসে না। আর uncountable noun এর পূর্বে the বসে।

**48. My elder brother is ……….. M.A.** [RU: 2009-10]

(a) a (b) an (c) the (d) none (b)

ব্যাখ্যা: অনেক শব্দের শুরুতে consonant থাকলেও উচ্চারণ যদি vowel এর মতো হয় তাহলে a না বসে an বসে। যেমনঃ an hour, an M.A, an M.P, an MLA ইত্যাদি।

**49. Mr. Rahim is ……… honorable man.** [RU: 2009-10]

(a) no article (b) an (c) the (d) a (b)

ব্যাখ্যা: Honourableশব্দটি h দিয়ে শুরু হলেও উচ্চারণ হয়ে 'অনারেবল'। শুরুতে O উচ্চারিত হয়। কাজেই এর আগে a না বসে an বসবে।

**50. He is in ………. wrong.** [RU: 2005-06]

(a) the (b) an (c) a (d) this (a)

ব্যাখ্যা: Adjective এর পূর্বে The বসে।

**51. ……… agriculture is ……… important activity in Bangladesh.** [A Unit DU 2007-08]

(a) no article, the (b) no article, an (c) an, an (d) the, the (b)

ব্যাখ্যা: Uncountable noun এর আগে article বসে না এবং vowel এর পূর্বে an বসে। তাই (B) সঠিক উত্তর।

**52. ……… physicist, Gabrisl Fahrenheit, invented the mercury thermometer in 1714.**[D Unit DU 2011-12]

(a) an, the (b) no article (c) an, an (d) the, the (c)

ব্যাখ্যা: রোগেরনামের পূর্বে article বসে না। তবে measles, mumps এর পূর্বে the বসে।

**53. The book is ……… one I was looking for.** [A Unit DU 2006-07]

(a) an (b) a (c) the (d) no article (b)

ব্যাখ্যা: 'O' এর উচ্চারণ 'ওয়া' এর মতো হলে এর পূর্বে 'an' বসে না। আর শুধুমাত্র one এর পূর্বেইa বসে। অন্য শব্দের শুরুতে 'O' থাকলে তার পূর্বে An বসবে।

**54. He nade ………. few mistakes.** [A Unit DU 2006-07]

(a) an (b) the (c) a (d) no article (c)

ব্যাখ্যা: সাধারণত কোন word প্রথমে consonant থাকলে তার আগে a বসে।

**55. He is ……… MBBS. (Chose the article)** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাইফার অফিসার - ২০১২]

(a) a (b) an (c) the (d) no article (b)

ব্যাখ্যা: MBBS হচ্ছে Subject 'He' এর ডিগ্রি, তাই an বসবে।

**56. This is ……… oasis.** [খাদ্য অধিদপ্তরের পরিদর্শক নিয়োগ পরীক্ষা২০০০]

(a) an (b) a (c) the (d) no article (b)

ব্যাখ্যা: This হচ্ছে an Oasis (একটি মরুদ্যান). This = an Oasis. অর্থৎ, This এর বর্ণনা হচ্ছে an Oasis. শব্দটি যদি সঠিক ভাবে উচ্চারণ করতে না পারেন তাহলে কিন্তু article বসতেমারত্মক ভুল করে বসবেন্ সঠিক উচ্চারণ হবে ওয়েসিস। তাই an article বসেছে।

**57.**

**58. You will receive ……. SMS, if you are eligible for …….. subject in E unit.** [বেরোবি ই ১২-১৩]

(a) no article, a (b) a, a (c) an, no article (d) an, an (d)

ব্যাখ্যা: একটি এসএমএস (one SMS) এবং E unit এর যেকোনবিষয় (any subject) উভয় অর্থে a বসবে।

**59. ……….. actor is the life of a play.** [জাবি ('সি-৫' ইউনিট): ১৫-১৬]

(a) A (b) an (c) the (d) no article (b)

ব্যাখ্যা: অভিনেতা একজন (one) অর্থে a/an article বসবে। actor এর উচ্চারণ vowel sound হওয়ায় an বসবে।

**60. ……… mother rose in her.** [১২ তম প্রভাষক নিবন্ধন ২০১৫]

(a) a (b) an (c) no article (d) the (d)

ব্যাখ্যা: কিছু কিছুNoun আছে যাদের পূর্বে 'the' ব্যবহৃত হলে abstract noun-এর অর্থ প্রকাশ করে। যেমন:'The mother rese in her' অর্থাৎ 'তার মধ্যে মাতৃত্ব (মাতুসুলভমায়া-মমত) জেগে উঠল'। 'Check the beast in you' ইত্যাদি।

**61. ………. honesty of Rahim is enviable.** [১২ তম প্রভাষক নিবন্ধন ২০১৫]

(a) the (b) a (c) an (d) no article (a)

ব্যাখ্যা: 'of' দ্বারা দুটি Noun-এর সম্পর্ক বোঝালে উভয়Noun-এর (Proper noun ছাড়া) পূর্বে সাধারণত 'the' ব্যবহৃত হয়।

**62. Man-এর পূর্বে কোন article বসালেমানবজাতি বুঝায়?** [কন্ট্রোলার জেনারেলডিফেন্সফাইনান্স-এর কার্যালয়ের অধীন জুনিয়রঅডিটর ২০১৪]

(a) The (b) A (c) An (d) কোনোটিই নয় (d)

ব্যাখ্যা: জাতি বুঝাতে Man বাwoman এর পূর্বে কোনো Article বসেনা।

**63. ………. English are industrious.** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ জরিপ অধিদপ্তরের সহকারীসুপরিনটেরডেন্ট পদের পরীক্ষা-২০১৫]

(a) an (b) A (c) The (d) None (c)

**ব্যাখ্যাঃ** জাতির পূর্বে The বসে।

**64. ……… Bangalis are a brave nation.** [মাধ্যমিক বিদ্যালয়েরসহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১১]

(a) A (b) An (c) The (d) No article (c)

**ব্যাখ্যাঃ** জাতির পূর্বে The বসে।

**65. One and a half million people drive rickshaws for a living, plus- hundred who own and repair them.** [ঢাবি ‘ক’ ইউনিট ২০১৭-১৮]

(a) few (b) a few (c) little (d) a little (b)

**ব্যাখ্যাঃ** হ্যাঁ-বোধক অর্থে Countable noun-এর পূর্বে a few ব্যবহৃত হয়।

**66. ………. love is such …….. beautiful thing.** [ঢাবি ‘খ’ ইউনিট ২০১৭-১৮]

(a) no article, a (b) a, no article (c) the, a (d) a, the (a)

**ব্যাখ্যাঃ** Abstract noun এর পূর্বে সাধারণত কোনোArticle বসে না; আর, ‘beautiful’ শব্দটি consonant দিয়ে শুরু হওয়ায় এর পূর্বে ‘a’ বসবে।

**67. Choose the right determiner: There are many coconut trees on …….. side of the road.** [জব ‘বি’ ইউনিট ২০১৭-১৮]

(a) either (b) both (c) many (d) every (a)

**ব্যাখ্যাঃ** রস্তার সাধারণত দুটি side থাকে। তবে ‘side’ noun-টি Singular থাকায় both হবে না। আর রাস্তার সব পাশেগাছলাগানো সম্ভব নয়।

**68. This book is …….. one I was looking for.** [ঢাকাবিশ্ববিদ্যালয় (‘ক’ ইউনিট) ভর্তি পরীক্ষা ২০০৮-২০০৯]

(a) no article needed (b) the (c) an (d) a (b)

**ব্যাখ্যাঃ** নির্দিষ্ট করে বুঝাতে ‘one’ এর পূর্বে ‘the’ বসে। অন্যথায়one-এর পূর্বে article ‘a’ বসে।

**69. I don’t have ………. spare time these days.** [ঢাকাবিশ্ববিদ্যালয়ভর্তি পরীক্ষা ২০০৭-০৮]

(a) may (b) much (c) some (d) more (b)

**ব্যাখ্যাঃ** time-হচ্ছে uncountable noun-তাই determiner হিসেবে much বসবে।

**70. Fill in the gap: ………. miles is a popolar band in Bangladesh.** [রাবি ‘কে’ ইউনিট ২০১৭-১৮]

(a) a (b) an (c) the (d) no article (c)

**ব্যাখ্যাঃ** বিখ্যাত গায়ক দলের পূর্বে the বসে।

**71. If someone is clumsy, you can say he/she is ‘all ……… thumbs’.** [জাবি ‘ই’ ইউনিট ২০১৭-১৮]

(a) a (b) an (c) the (d) no article (d)

**ব্যাখ্যাঃ** ‘All thumbs’ একটি phrase - এতে কোনোarticle নেই।

**72. There were ………. guests than I expected.** [জাবি‘ডি’ ইউনিট ২০১৭-১৮]

(a) less (b) few (c) lesser (d) fewer (d)

ব্যাখ্যা: Countable noun-এর পূর্বে few হয় আর বাক্যটি comparative degree তে রয়েছে।

**73. We are moved not by the fall of ………….. great man but the elevation to heroism of what we had taken to be ……… little man.** [DU D Unit 2014-15]

(a) a, the (b) the, the (c) a, a (d) none of the above (c)

ব্যাখ্যা: 'great man' ও 'little man' উভয়ইবাক্যে কোনো নির্দিষ্ট ব্যক্তিকে নির্দেশ করছে না। বরং সাধারণ অর্থে ব্যবহৃত হয়েছে।

74. He can play ……… flute. (বাঁশিবিশেষ) [A Unit DU 2009-10][

(a) no article needed (b) the (c) an (d) a (b)

ব্যাখ্যা: এখানে বাঁশিটি নাম হিসেবে ব্যবহৃত হয়েছে, তাই the বসবে।

**75. I am standing here for ……… hour.** (আমি এক ঘন্টা ধরে দাড়িয়েআছি) [ইবি ০৪-০৫]

(a) the (b) an (c) a (d) two (b)

ব্যাখ্যা: প্রদত্ত বাক্যে hour (আওয়ার) উচ্চারণেvowel sound হওয়ায় এক ঘন্টা বোঝাতে an hour বসবে।

**76. He maintains ………. office.** (তিনি একটি অফিসরক্ষণাবেক্ষণকরেন।) [হাবিপ্রবি ('সি' ইউনিট): ১৩-১৪]

(a) a (b) an (c) the (d) this (b)

ব্যাখ্যা: -বাক্যে first time (প্রথম বার) singular common noun বসলে তার পূর্বে a/an article বসে। [see 8.4]প্রদত্ত বাক্যে office উচ্চারণেvowel sound হওয়ায় an বসবে।

**76. Article is used based on -** [প্রাকপ্রাথমি সহকারি শিক্ষক নিয়োগ]

(a) Spelling (b) Sound (c) Pronunciation (d) Meaning (c)

ব্যাখ্যা: preposition (Consonant sound & Vowel sound) অনুসারে article বসে।

**77. He is …….. honest man.** (তিনি একজন সৎ লোক।) [পরিবারপরিকল্পনা অধিদপ্তরের ক্যাশ সরকার ও অফিসার সহায়ক- ২০১৪]

(a) the (b) an (c) a (d) কোনোটিই নয় (b)

ব্যাখ্যা: Subject কে বর্ণনা করতে/পরিচয়তুলেধরতেcountable noun এর পূর্বে a/an article বসে। [see 8.4 (iv)] প্রদত্ত বাক্যে honest এর উচ্চারণেvowel থাকায় an হবে।

**78. The king left ……… heir.** [পিটিআই-এরইন্সট্রাক্টর ২০১৬; বাংলাদেশ কোস্ট গার্ড ও কৃষিপ্রশিক্ষণএকাডেমির নার্স এবং ফায়ার সার্ভিস অ্যান্ড সিভিল ডিফেন্স-এর ফেরিম্যান: ১৯]

(a) the (b) a (c) an (d) two (c)

ব্যাখ্যা: রাজা একজন উত্তরাধিকার রেখে গেলেন। এখানে একজন (one) অর্থে a/an article বসবে। [see 8.4 (iii)] প্রদত্ত বাক্যে geir (এয়ার) এর উচ্চারণেvowel sound থাকায় an বসবে।

**79. Generally speaking, ……..peacoks are more beautiful than peahens. The gap requies ……….**
[Bangladesh Development Bank Ltd Senior officer]

(a) the (b) a (c) an (d) no article (d)

ব্যাখ্যা: Plural common noun এর পূর্বে article বসে না।

**80. Fill in the gap: 'She works six days ……….. week.'** [Bangladesh Development Bank Ltd Senior officer 2017]

(a) an (b) a (c) for (d) the (b)

ব্যাখ্যা: 'প্রতিসপ্তহে' অর্থে a week হয়।

**81. Bangladesh has so beautiful places to visit.** [Bangladesh oil, Gas &Minerul Corporation (Petrobangla) Upper Division Assistant 2017]

(a) many (b) lot (c) long (d) much (a)

ব্যাখ্যা: 'places' noun টি plural form এ রয়েছে। long-একটি modifier; much uncountable noun-এর পূর্বে বসে; lot determiner হিসেবে এরুপ ব্যবহৃত হয়না।

**82. Nimbus clouds generally have ……….. and are amorphous in appearance.** [ONE Bank Ltd. Special Cadre Officer (SCO) 2017]

(a) an uniform dark color (b) a uniformly dark color

(c) uniformly the dark color (d) uniform dark color (b)

ব্যাখ্যা: শুরুতে vowel থাকার পরও কোনো শব্দের উচ্চারণ 'ইউ' এর মতো হলে ঐ শব্দের পূর্বে a বসে।

**83. There is always discriminiation between ………. rich and poor.** [বঙ্গবন্ধু. (বি.প্র.) (খ) ১১-১২]

(a) no article (b) a, a (c) an, an (d) the, the (d)

ব্যাখ্যা: rich & poor শব্দ দুটি হচ্ছে Adjective. তবে the + adjective দিয়ে ঐ গুণ রিলেটিড লোকজনকে বুঝায়। যেমন:the rich - ধনিরা, the poor - গরীবরা।

**84. ……… sun is ……….. star.** [রাবি ০৯-১০]

(a) the, a (b) a, the (c) the, an (d) the, the (a)

ব্যাখ্যা: The sun এর একটি পরিচয় হচ্ছে a star. মনে রাখুন- Subject + be verb + a + common noun.

**85. He is bonour to his profession.** [রাবি (আইন) ০৬-০৭]

(a) the (b) an (c) a (d) none (b)

ব্যাখ্যা: an + consonant (vowel sound হলে) ব্যবহৃত হয়। সুতরাং, an honour, an hour, an honest ইত্যাদি।

**86. ……… Mr. Karim has been arrested.** [KU: 09-10]

(a) A (b) An (c) the (d) none (a)

ব্যাখ্যা: অজানা কোনো ভদ্র ব্যক্তি বোঝানোয়"Mr." এর পূর্বে 'a' বসেছে।

**87. ……… mothe rose in her.** [4th NTRCA (College): 17; 12th NTRCA (College): 15]

(a) a (b) an (c) no article (d) the (d)

ব্যাখ্যা: The + mother + ………. + in her. = মাতৃত্ব; এইখানে"mother" abstract noun.

**88. ………. honesty of Rahim is enviable.** [NTRCA: 12]

(a) The (b) A (c) An (d) No article (a)

**ব্যাখ্যা:** যদিও"honesty -সততা"Abstract noun যার পূর্বে Article বসার কথা না। তবে, নির্দিষ্ট করে "রহিমেরসততা" বোঝানোয়"The + honesty" হয়েছে।

**89. 'He saw …….. most wonderful sight'.** [IU: 12-13]

(a) a (b) an (c) the (d) none (a)

**ব্যাখ্যা:** এখানে "most" কোনোsuperlative degree এর বৈশিষ্ট নয়। সেইজন্য, article "the" না বসে, সাধারণত positive degree বোঝাতে "most" এর পূর্বে "a" বসেছে।

**90. Seeing the baby ……… mother rese in her.** [KU: 09-10]

(a) a (b) n (c) the (d) no article (c)

**ব্যাখ্যা:** এখানে "mother" abstract noun হওয়ায় নির্দিষ্ট অর্থে "the" বসেছে।